গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মিরপুর,কুষ্টিয়া।

## হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মিরপুর উপজেলাধীন নিম্নবর্ণিত সরকারী হাট-বাজার স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত ০৬ আশ্বিন ১৪১৮ বঙ্গাব্দ ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রি: তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারক পত্রের নীতিমালা মোতাবেক বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্তে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রে নির্ধারিত তারিখে প্রতি কর্মদিবসে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, কুষ্টিয়া, সহকারী কমিশনার (ভূমি), মিরপুর,কুষ্টিয়া, ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিরপুর থানা এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নগদ (অফেরত যোগ্য) মূল্যে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে দরপত্র ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের তারিখে দুপুর ০১ঃ০০ টা পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয় ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত বাক্সে টেন্ডার জমা নেয়া হবে এবং একই দিনে বেলা ৩ঃ০০ টার সময় সকল দরপত্র নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ইজারা গ্রহণে আগ্রহী সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান কে নির্ধারিত তারিখে সিডিউল সংগ্রহ করতঃ দরপত্রে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। যে তারিখে দরপত্র গৃহীত হবে তৎপরবর্তী অন্য কোন তারিখ ইজারা কার্যক্রমের জন্য প্রযোজ্য হবে না। ইজারা শর্তসমূহ দরপত্রের সিডিউলে বর্ণিত রয়েছে। ইজারা কার্যক্রমে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% হারে ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ৫% হারে আয়কর ও ৫% হারে জামানত পরিশোধ করতে হবে এবং সিডিউলে বর্ণিত ২নং শর্তে উল্লেখিত দরপত্রে উদ্ধৃত দরের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য যে, ১ম ডাকে কাংখিত মূল্য অর্জিত না হলে পরবর্তী ডাক সমূহ কার্যকর হবে।

### হাট-বাজারের সূচী পত্র

| ক্রমিক নং | পৌরসভা /ইউনিয়নের নাম | হাট বাজারের নাম | দরপত্র মূল্য | ১৪২৮ বাংলাসনের কাংখিত সরকারী মূল্য |
|---|---|---|---|---|
| ১ | চিথলিয়া ইউনিয়ন পরিষদ | ১। চিথলিয়া সাপ্তাহিক হাট | ২০০০ | ৭,০০,৪৮৩/- |
| | | ২। শ্রীনাথপুর হাট | ৫০০ | ১,৭৩৬/- |
| ২ | বহলবাড়ীয়া ইউনিয়ন পরিষদ | ১। বহলবাড়ীয়া সাপ্তাহিক হাট | ১২০০ | ২,১৩,৯৯৫/- |
| | | ২। খাদিমপুর হাট | ১২০০ | ২,০৩,৬৯৭/- |
| ৩ | তালবাড়ীয়া ইউনিয়ন পরিষদ | ১। নওদাপামুখীয়া হাট | ১০০০ | ১.৩২,৮৫৩/- |
| | | ২। চাড়ুলিয়া হাট | ৫০০ | ২,৬৮০/- |
| ৪ | বারুইপাড়া ইউনিয়ন পরিষদ | ১। মশান হাট | ১৬০০ | ৩,৯২,২৬১/- |
| | | ২। নওপাড়া হাট | ১৬০০ | ৩,৬৫,০২৯/- |
| | | ৩। কেউপুর হাট | ৫০০ | ১৩,৯৫৭/- |
| | | ৪। সাতগাছী হাট | ১২০০ | ২,২৩,৯৬৭/- |
| ৫ | আমলা ইউনিয়ন পরিষদ | ১। আমলা সাপ্তাহিক হাট | ১০০০ | ১,৬৯,৬৩৫/- |
| | | ২। নিমতলা হাট | ১০০০ | ১,২৩,৬৬৭/- |
| | | ৩। খয়েরপুর হাট | ৫০০ | ৫২,৫০৫/- |
| ৬ | সদরপুর ইউনিয়ন পরিষদ | ১। সদরপুর হাট | ৫০০ | ৫,৫১২/- |
| | | ২। কাতলামারী হাট | ৫০০ | ৫১,৬৯৩/- |
| | | ৩। কাকিলাদহ হাট | ৫০০ | ৬৬,৭৮০/- |
| | | ৪। বড়বাড়ীয়া নতুন বাজার | ৮৪০০/- | ৩৭,১৪,২৫৬/- |
| ৭ | ছাতিয়ান ইউনিয়ন পরিষদ | ১। আটিগ্রাম (গোলাবাড়ী) হাট | ১৬০০ | ৩,৩৮,৭৪০/- |
| | | ২। ধলসা হাট | ৫০০ | ৩,১৮০/- |
| ৮ | পোড়াদহ ইউনিয়ন পরিষদ | ১। পোড়াদহ কাপড়ের হাট | ১০০০০ | ৪৭,৫৩,০৪০/- |
| | | ২। পোড়াদহ সাপ্তাহিক হাট | ২০০০ | ৬,১৪,২৭০/- |
| | | ৩। পোড়াদহ ভহ বাজার হাট | ১৬০০ | ৪,৮১,৪১৭/- |
| | | ৪। হাজরাহাটি হাট | ১০০০ | ১,১১,৬৬১/- |
| ৯ | কুর্শা ইউনিয়ন পরিষদ | ১। মাজিহাট হাট | ১০০০ | ১,৫২,৬১২/- |
| | | ২। কুর্শা হাট | ৫০০ | ৯২,৬২৪/- |
| | | ৩। ইশালমারী হাট | ৫০০ | ৫২,৯৬৫/- |
| ১০ | মালিহাদ ইউনিয়ন পরিষদ | ১। মালিহাদ হাট | ৫০০ | ৫১,৭৬৪/- |
| | | ২। গোপীনাথপুর হাট | ৫০০ | ২২,৪৩৮/- |
| | | ৩। আসাননগর ক্লাব হাট | ৫০০ | ৪০,৩৭০/- |
| | | ৪। ঝুটিয়াডাঙ্গা প্রাথঃ বিঃ সংলগ্ন হাট | ৫০০ | ৫,৪০৬/- |
| | | ৫। রাজনগর শান্তি বাজার হাট | ৫০০ | ১৪,৪১৬/- |
| | | ৬। চকহাড়দি বাজার হাট | ৫০০ | ২৩,৫৫৮/- |
| ১১ | আমবাড়ীয়া ইউনিয়ন পরিষদ | ১। হালসা সাপ্তাহিক হাট | ১৬০০ | ৪,১৩,৩০৯/- |

| ডাক | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ সময় | দরপত্র বাক্স খোলার সময় ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ ম ডাক | ০৭-০৩-২০২১ থেকে ১৬-০৩-২০২১ পর্যন্ত | ১৮-০৩-২০২১ দুপুর ১:০০ টা পর্যন্ত | ১৮-০৩-২০২১ বিকাল ৩:০০ টা | - |
| ২ য় ডাক | ২১-০৩-২০২১ থেকে ২৮-০৩-২০২১ পর্যন্ত | ৩০-০৩-২০২১ দুপুর ১:০০ টা পর্যন্ত | ৩০-০৩-২০২১ বিকাল ৩:০০ টা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |
| ৩ য় ডাক | ৩১-০৩-২০২১ থেকে ০৭-০৪-২০২১ পর্যন্ত | ০৮-০৪-২০২১ দুপুর ১:০০ টা পর্যন্ত | ০৮-০৪-২০২১ বিকাল ৩:০০ টা | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |

প্রত্যেক ডাকের পর অবিক্রিত কোন কোন হাট-বাজারের দরপত্র বিক্রয় করা হবে সে সম্পর্কে বিস্তারিত তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। এ ছাড়া সিডিউলের শর্ত হাট-বাজার নীতিমালা সরকারের প্রচলিত নীতি প্রযোজ্য হবে।

[illegible] বিশ্বাস
উপজেলা নির্বাহী অফিসার
মিরপুর, কুষ্টিয়া।

স্মারক নং- ০০.০০.০০৯৪.০০০.৫৫.০২.২০২১-১৫৫(৫০০)

১৫ ফাল্গুন,১৪২৭ বং।
তারিখ ঃ ---------------------
২৮ ফেব্রুয়ারি,২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।

২। পুলিশ সুপার, কুষ্টিয়া।

৩। সিভিল সার্জন, কুষ্টিয়া।

৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুষ্টিয়া।

৫। উপজেলা পরিষদ চেয়াররম্যান, মিরপুর/কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া।

৬। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া ।

৭। মেয়র, মিরপুর পৌরসভা ।

৮। সহকারী কমিশনার (ভূমি), কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/ভেড়ামারা/দৌলতপুর/মিরপুর, কুষ্টিয়া ।

৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মিরপুর থানা, মিরপুর, কুষ্টিয়া।

১০। চেয়ারম্যান ,........................................ ইউনিয়ন পরিষদ, মিরপুর,কুষ্টিয়া।

১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,............................ ইউনিয়ন ভূমি অফিস। তাকে তার এলাকায় হাট-বাজারে মাইক, ঢোল-সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য বলা হলো ।

১২। সম্পাদক, দৈনিক ঢাকা টাইমস ৪৪/ইস্কাটন গার্ডেন রোড রমনা, ঢাকা- কে আগামী ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখ তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩(তিন) কলামে স্বল্প পরিসরে শুধুমাত্র এক দিন প্রচারের জন্য অনুরোধ করা হল।

১৩। সম্পাদক, দৈনিক বজ্রপাত, কুষ্টিয়া কে আগামী ০১/০৩/২০২১ খ্রিঃ তারিখ তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ৩(তিন)কলামে স্বল্প পরিসরে শুধুমাত্র এক দিন প্রচারের জন্য অনুরোধ করা হল।

১৪। জনাব ..............................................., ইজারাদার ...................................... হাট, মিরপুর, কুষ্টিয়া।

১৫। অফিস কপি ।

২৮.০২.২০২১

উপজেলা নির্বাহী অফিসার
মিরপুর, কুষ্টিয়া।